
# স্থানীয় নির্বাচনে প্রার্থী বাছাই নিয়ে এখনো সিদ্ধান্ত হয়নি: রিজভী



রুহুল কবির রিজভী। ছবি: সংগৃহীত

স্থানীয় সরকার নির্বাচনে বিএনপির প্রার্থী মনোনয়নের বিষয়ে এখনো কোনো চূড়ান্ত সিদ্ধান্ত হয়নি বলে জানিয়েছেন দলটির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী।

রোববার (১৯ জুলাই) নির্বাচন কমিশনে বিএনপির বার্ষিক আয়-ব্যয়ের হিসাব জমা দিতে গিয়ে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন।

রিজভী বলেন, স্থানীয় সরকার নির্বাচনে প্রার্থী নির্বাচন কীভাবে হবে, সে বিষয়ে দলের সর্বোচ্চ নীতিনির্ধারণী ফোরাম আলোচনা করে সিদ্ধান্ত নেবে। এখন পর্যন্ত এ বিষয়ে কোনো বৈঠক বা সিদ্ধান্ত হয়নি।

তিনি বলেন, রাজনৈতিক দলের আর্থিক স্বচ্ছতা ও জনগণের কাছে জবাবদিহিতা নিশ্চিত করার অংশ হিসেবে বিএনপি নিয়ম অনুযায়ী নির্বাচন কমিশনে বার্ষিক আয়-ব্যয়ের নিরীক্ষিত হিসাব জমা দিয়েছে।

এ সময় রিজভী আরও বলেন, জাতীয় নির্বাচনের আগে ঘোষিত ইশতেহারে যেসব অঙ্গীকার করা হয়েছিল, সেগুলো বাস্তবায়নে বিএনপি ধারাবাহিকভাবে কাজ করে যাচ্ছে।

LENS ASIA